R. N. No. 2532/57

Phone No. RGG.112

Regd No.—WB/MSD—4

Our Bricks are made of soil
Your dreams are made of
our toil
NIRMA
'Piyal Kunja'
Kamal Kumari Devi Sarani
Haridasnagar
P. O. Raghunathganj
Dist. Murshidabad
Phone : Office 28 Resi : 161

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৩৬শ বর্ষ
২৫শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২২শে কার্ত্তিক বুধবার, ১৩৯৬ সাল।
৮ই নভেম্বর, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০্

## নাম প্রত্যাহারের পর জঙ্গিপুর কেন্দ্রের নির্বাচনীচিত্র

নিজস্ব প্রতিনিধি : জঙ্গিপুর লোকসভা কেন্দ্র ৭টি বিধানসভা কেন্দ্র নিয়ে গঠিত। ফরাক্কা অরঙ্গাবাদ সুতী, জঙ্গিপুর সাগরদীঘি, নবগ্রাম ও খড়গ্রাম। বিধানসভা কেন্দ্রের মাত্র ১টি জঙ্গিপুর কংগ্রেসের দখলে; বাকী ৬টি বামফ্রন্টের। মোট ভোটার সংখ্যা ৯,৩১৪৯৫। ভোট কেন্দ্র : ১,১৫৪টি। ১৮ থেকে ২১ বছরের ভোটার ২৫৬৫২ জন। প্রার্থী ৬ জন। কংগ্রেসের—মহঃ সোহরাব, সি পি এমের—জয়নাল আবেদিন, বি জে পির—ডঃ ধনঞ্জয় দাস, এস ইউ সি আই এর আবদুস সঈদ, মুসলিম লিগের বিশ্বাস সামায়ুন সেখ নির্দলীয়—মহম্মদ মোসারফ হোসেন। বি জে পির ডামি প্রার্থী অজিত মৈত্র প্রার্থী পদ প্রত্যাহার করেন।

নির্বাচনের কাজে মোট পুলিশ লাগবে ২০০০ জন। ভোটকর্মী ৪১০০ জন, ট্রাক—১৮৩, বাস—৪০, মিনিবাস—৭ এবং মিনি ট্রাক—৪টি। জঙ্গিপুর মহকুমা অফিস প্রাঙ্গণ থেকে ফরাক্কা, সুতী ও অরঙ্গাবাদের পোলিং পার্টি রওনা হবে বাকী সাগরদীঘি জঙ্গিপুর ইত্যাদির জন্য পার্টিরা ম্যাকেঞ্জি পার্কে অবস্থিত অন্য একটি ক্যাম্প থেকে রওনা হবে। মালদহ জেলার অন্তর্গত এই কেন্দ্রের অংশবিশেষ ৯টি পোলিং ষ্টেশন রয়েছে। তাদের মধ্যে ৬টি কে ফরাক্কা ও ৩টি কে সামসেরগঞ্জ থানার অন্তর্গত করা হয়েছে। ভোটের দিনের ৪৮ ঘণ্টা আগে অর্থাৎ ২০ তারিখ থেকে কর্মীরা যাত্রা শুরু করবেন। ভোটের পর যাতে গণনা ১ দিনের মধ্যে শেষ করা যায় তার ব্যবস্থা করা হবে। নবগ্রাম ও খড়গ্রামের ভোট গণনা হবে বহরমপুর। দুটি গণনা শেষ হলে তবে বিজয়ীর নাম ঘোষিত হবে।

## জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের চিত্র এখনোও অপরিষ্কার

রাজনৈতিক সংবাদদাতা : ফরাক্কা, ধুলিয়ান ও অওরঙ্গাবাদ গিয়েছিলাম লোকসভার নির্বাচন উপলক্ষে খোঁজ খবর নিতে। গত লোকসভার নির্বাচনের চেয়ে এবারের নির্বাচনে দেওয়াল লিখন অনেক বেশী। ভোট হতে আর মাত্র দু' সপ্তাহের মত বাকি রয়েছে। গত লোকসভা নির্বাচনে এই কেন্দ্র থেকে সি পি এম দলের প্রার্থীরূপে নির্বাচিত হয়েছিলেন জয়নাল আবেদীন। ইনি দলের হয়ে এবারও প্রতিদ্বন্দ্বিতা করছেন। অন্যান্যদের মধ্যে আছেন গত বারের পরাজিত প্রার্থী কংগ্রেস ই এর মোঃ সোহরাব, এস ইউ সি আই এর আবদুস সঈদ, বি জে পির ডঃ ধনঞ্জয় দাস এবং মুসলীম লীগের বিশ্বাস সামায়ুন সেখ। তাছাড়া বিক্ষুব্ধ মুসলীম লীগের মোঃ মোসারফ হোসেন রয়েছেন।

এই কেন্দ্রের বিভিন্ন অঞ্চল ঘুরে এই অভিজ্ঞতাই হয়েছে যে ভোটারেরা ভোট নিয়ে খুব বেশী মাথা ঘামাচ্ছেন না। কমবেশী অনেকের প্রশ্ন ভোট দিয়ে কি হবে? গ্রাম-গঞ্জের অবস্থা খুবই খারাপ। জিনিস-পত্রের দাম আকাশচুম্বী, কাজকর্ম্ম নেই, অনেক বিড়ি ফ্যাক্টারী বন্ধ, শুধু নেই আর নেই। ইতিমধ্যে সভা-সমিতি শুরু হয়েছে কিন্তু জনসমাবেশ আশানুরূপ নয়। এক কথায় বলা যায় নৈরাশ্যজনক। গতবারের নির্বাচনে ইন্দিরা হাওয়া অনেক কাজ হয়েছিল। এবারের নির্বাচনে কিন্তু সে রকম কোন হাওয়া নেই। বিভিন্ন রাজনৈতিক দলের কর্মিরা ভিন্ন ভিন্ন ইস্যু নিয়ে জনগণের সামনে হাজির হচ্ছেন। একদল বলছেন স্বৈরতন্ত্রী, বোফর্স কেলেঙ্কারী দুর্নীতিপরায়ণ ও সাম্প্রদায়িক শক্তিকে রুখতে হবে। দুর্নীতির নায়ক রাজীবকে একটীও ভোট নয়। আরেক দল বলছেন— (শেষ পৃষ্ঠায়)

## ফরাক্কা ব্লকের গ্রামগুলি দিয়ে বাংলাদেশে মাল পাচার হচ্ছে

ফরাক্কা : এই ব্লকের বেনিয়াগ্রাম, জাফরগঞ্জ, ব্রাহ্মণগ্রাম, অর্জুনপুর থেকে বাংলাদেশ বর্ডার খুব কাছে। তার উপর এই বিস্তীর্ণ এলাকায় বি এস-এফের কোন ক্যাম্প না থাকায় বাংলাদেশী পাচারকারীদের মুক্তাঞ্চল হয়ে উঠেছে গ্রামগুলি। অর্জুনপুর গ্রামে চোরা-চালানকারীদের আড্ডা গড়ে উঠেছে সবচেয়ে বেশী এবং এই গ্রামের ভেতর দিয়ে ইলেকট্র-নিকস সামগ্রী, কাপড় চোপড়, (শেষ পৃষ্ঠায়)

## গ্রামে সমাজবিরোধী পুলিশ আঁতাতে আতঙ্ক বাড়ছে

আহিরণ : সুতী থানার হারোয়া গ্রামে সমাজ বিরোধীদের অত্যাচার সম্প্রতি চরমে উঠেছে। সমাজবিরোধীদের দুটি পক্ষের পরস্পরের মারামারিতে নিরীহ গ্রামবাসীরা আতঙ্কগ্রস্ত। এদের বোমাবাজির শিকার হয়ে জনৈক গ্রামবাসী গ্রামছাড়া। বোমার প্রকোপে কয়েকটি বাড়ী ভস্মীভূত হয়েছে ও একটি শিশুর মৃত্যু ঘটেছে। কিন্তু পুলিশ দুষ্কৃত-কারীদের দমন না করে তাদেরই (শেষ পৃষ্ঠায়)

## কিশোরীর দৃষ্টি ফিরিয়ে দিলেন চিকিৎসকরা

রঘুনাথগঞ্জ : সারা বাংলা শিক্ষক, অশিক্ষক কর্মী সমিতি ও জয়েন্ট কাউন্সিল অফ হেলথের জঙ্গিপুর শাখার উদ্যোগে এবং জামুয়ার অঞ্চল প্রধান ও ভারতীয় জনসুরক্ষা সমিতির সহযোগিতায় গত ২৭—৩১ অক্টোবর বাড়ালায় চক্ষু পরীক্ষা ও অপারেশন শিবির পরিচালিত হয়। সেই শিবিরে ৪৫ জন রোগীর চক্ষু পরীক্ষা ও অপারেশন হয়। কলকাতা মেডিক্যাল কলেজের (শেষ পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২২শে কার্তিক বুধবার ১৩৯৬ সাল

## মৌলবাদ ও গণতন্ত্র

আসন্ন লোকসভা নির্বাচনের তোড়জোড় চলিতেছে। নির্বাচনী প্রচার শুরু হইয়াছে। দিকে দিকে দলীয় নেতারা প্রচার-সভায় উপস্থিত হইতেছেন ; বক্তব্য রাখিয়া স্বপক্ষে জনমতকে আনিবার যথাসাধ্য প্রয়াস চালাইতেছেন। পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্র ভারত। ভোট দিয়া গণতান্ত্রিক অধিকারকে মর্যাদা-দান একটি অবশ্য কর্তব্য।

গণতন্ত্রে কোন সাম্প্রদায়িক মনোভাবের স্থান নাই। প্রত্যেকেই স্ববিবেচনায় ভোটাধিকার প্রয়োগ করিবেন—ইহাই প্রত্যাশিত। বিভিন্ন সম্প্রদায় যদি মাথাচাড়া দিয়া উঠে, তবে গণতন্ত্রের মূল আদর্শে আঘাত লাগে। প্রত্যেক সচেতন শুভবুদ্ধিসম্পন্ন ভোটারকে ভোটদানের ব্যাপারে ভাবতে হইবে যে, তিনি এই বৃহত্তম গণতন্ত্রের একটি পবিত্র একক। কাজেই তাঁহার কর্তব্য মৌলবাদী-জিগিরে আপন অস্তিত্বকে বিলুপ্ত না করা।

দেশে আজ উগ্রপন্থী ক্রিয়াকলাপ অবিরত চলিয়াছে। পাঞ্জাব ও জম্মু-কাশ্মীরের অশান্তি দীর্ঘায়িত। বিশেষভাবে মদতপুষ্ট হইয়া উগ্রপন্থীরা দেশের মধ্যে বিচ্ছিন্নতাবাদের মনোভাব বাড়াইয়া তুলিতেছে। প্রতিবেশী রাষ্ট্রগুলির বন্ধুতার মনোভাব সব সময় অকপট নহে। দেশের ভিতর সাম্প্রদায়িক মনোবৃত্তি স্থানে স্থানে অশান্তি ডাকিয়া আনিতেছে। মানুষ নানা ভাবে ক্ষতিগ্রস্ত হইতেছে ; জীবন চলিয়া যাইতেছে ; দেশের সম্পদ বিনষ্ট হইতেছে।

ভারতে বসবাসকারী যদি কোন ভারতীয় নাগরিক নিজেকে প্রথমে ভাবেন একটি বিশেষ সম্প্রদায়ভুক্ত, তৎপরে ভারতীয় তবে দুঃখের সঙ্গেই বলিতে হয় যে, সেখানে মৌলবাদিতা অনিবার্যভাবে প্রাধান্য লাভ করে এবং তাহা দেশের স্বার্থকে অনেক সময় বিঘ্নিত করিতে পারে। আগেই বলিয়াছি যে, শুভবুদ্ধির উদয় ঘটাইয়া নিজেকে ভারতীয় ভাবনায় ভাবিত হইয়া ভারতীয় আদর্শ রক্ষা করা প্রত্যেকের প্রধান কাজ। দেশ দুর্বল হইলে দেশের স্বার্থ ক্ষুণ্ণ হইলে তাহার প্রভাব সকলেরই উপর পড়িবে। কে মৌলবাদী আর কে তাহা নহেন, তাহা তখন বিচার্য রহিবে না। ক্ষতির মাশুল সকলকেই দিতে হইবে। কাজেই গণতান্ত্রিক আদর্শ রক্ষার জন্য, গণতান্ত্রিক স্বার্থ প্রতিষ্ঠার জন্য প্রত্যেক ভারতীয় নাগরিককে সচেষ্ট হইয়া থাকিতে হইবে। সম্প্রদায়গত স্বধর্মাচরণ অস্বীকার্য নয়, কিন্তু তাহা দেশের স্বার্থ বিসর্জন দিয়া হইতে পারে না।

## ভোট কাকে দেবো, কেন দেবো?

চিত্ত মুখোপাধ্যায়

প্রশ্নটা আজকের অগ্নিগর্ভ ভারতের সব চেয়ে আলোড়ন সৃষ্টিকারী জিজ্ঞাসা। দৈনিক সংবাদ পত্রগুলোর প্রায় ৯৯% যখন সরকারী দাক্ষিণ্যে প্রভাবিত হয়ে জাতির ঔদাসিন্যের ও কুশিক্ষা অশিক্ষার সুযোগ নিয়ে ইচ্ছে করে চিন্তার ক্ষেত্রে তাকে বিপথগামী করছে, রেডিও, টি ভি কে যখন দলীয় স্বার্থে নিয়ন্ত্রিত করা হচ্ছে, গণতন্ত্রের নামে যখন প্রতিটি গ্রামে গঞ্জে বিশৃঙ্খলার ব্যাভিচার বিজিতকে করছে শোষণ তখন যাঁরা চিন্তাবিদ্‌, শিক্ষিত, দেশপ্রেমী, আতঙ্কিত হতাশ তাদের সবাইকে গভীরভাবে ঠাণ্ডা মাথায় সিদ্ধান্ত নিতে হবে ভোট কাকে দেবো এবং কেনই বা দেবো ?

বলা যায়, গোটা ভারতবর্ষে ক্ষুদ্র সংস্করণ নিজ নিজ এলাকা। জাতপাত, সাম্প্রদায়িকতা জাতীয় সংহতি, বঞ্চনা, গোষ্ঠীদ্বন্দ্ব ও দলীয় সংঘর্ষ এবং ভোটে সমঝোতা, লুঠপাঠ. প্রশাসনকে নিয়ন্ত্রণ করা, সবই রয়েছে এই জঙ্গিপুরে। নির্বাচকদের দু'ভাবে প্রতিটি প্রার্থীকে দেখা উচিত। এক হলো তাঁর ব্যক্তিগত দিক, আর দ্বিতীয় হলো দলীয় ভাবাদর্শ। অনেক সময়ে ব্যক্তি চরিত্র দৃঢ় না হলে দলের আদর্শ তাঁকে নিয়ন্ত্রিত করতে পারে না। ভোটে দাঁড়িয়েছেন বামফ্রন্টের জয়নাল আবেদিন। তিনি পেশায় মাদ্রাসার শিক্ষক। গত দুটি নির্বাচনে জঙ্গিপুর কেন্দ্র থেকে এম, পি নির্বাচিত হয়েছিলেন। জয়নাল আবেদিন আমাদের সঙ্গে পরিচিত হয়েছিলেন সেই ভোটের আগে। তারপরে জঙ্গিপুর কেন্দ্রের এম পি হয়ে দিল্লী দর্শন, বিনি পয়সার নানা ভোজ, ছবি তোলা, ভি আই পিদের সঙ্গে ছোঁয়াছুঁয়ি, মাসে মাসে মাসকাবারীটাও বেশ ভালই, শরীরটাও ভালো খোলতাই হোলো বটে কিন্তু এই দীর্ঘ দশ বছরে তাঁর অজান্তে গঙ্গা পদ্মা দিয়ে কত জল বয়ে গেল। পাশের বাংলাদেশে চাল, চিনি, গোসম্পদ পাচার হয়ে চললো, স্মাগলারদের লড়াইতে গ্রামে গঞ্জের মাটি তাঁরই স্বজাতির রক্তে লাল হয়ে গেল, বোমার শব্দে আর ধোঁয়ায় কেঁপে কেঁপে উঠলো, শেষ মোগল সম্রাট বৃদ্ধ অসহায় আলমগীরের মত মহকুমা শাসকের বৃটিশরাজের তৈরী খাস খামরা। কিন্তু, জয়নাল থাকলেন নাগালের বাইরে। তাঁকে সেই বিপদের দিনে তো বার বার আমার জন্য নাগরিক কমিটি ডেকেছিলেন। আজ কি জবাব আছে তাঁর? ভুক্তভোগীদের ধারণা তিনি সোচ্চার হলেই সীমান্তের চোরাচালান বন্ধ হতো! জহরলাল—গান্ধীজী—রাজীবের দল এবং তার প্রার্থী বহুবার ফেল করা অনেক কংগ্রেসীর চক্ষুশূল মহঃ সোহরাব সম্বন্ধে বেশী কিছু বলার প্রয়োজন নেই। তাঁর বাড়ীতে সত্তরের দশকে শুধুমাত্র আমি হিন্দু এই অপরাধে তিনি বহু দেওয়ান-ই আম বসিয়েছিলেন। হাবিবুর রহমান ছিলেন আব্দুস সাত্তারের বার্তাবাহক। তাঁরা সবাই আমাদের মধ্যে ভাঙন ধরিয়ে অভিমন্যু বধ করেছিলেন। আমি তখন দলত্যাগ না করলে খুনও হতে পারতাম। সোহরাব সাহেবের বাড়ীতে মুসলমান যুবক ছাত্রের সভা হয়েছিল। মুসলমানরা অনেকেই আজো নানা অপপ্রচারে আমাকে ভুল বুঝলেও কেউ কেউ ভালোও বাসে। তারাই সে সভা ভেঙ্গে দেয়। তিনি ১৯৭০-এ স্কুল বোর্ডে ভাইস চেয়ারম্যান থাকাকালীন ৫৩টি নাম প্রাইমারী শিক্ষকের জন্য সুপারিশ করেন, যার মধ্যে নাকি তিনটি মাত্র হিন্দু এবং তাও নীচের দিকে। এ নবুদ আজো সরকারী ফাইলে বন্দী আছে। তা প্রচারের পাকচক্রে আমরাই সাম্প্রদায়িক আর তাঁরা নাকি তুলসী পাতার মত পবিত্র। এদের নেতৃত্বে যারা মহকুমায় দীর্ঘ ২০ বছরে কোনও হিন্দুকে কংগ্রেস মনোনয়ন দেয়নি। মুসলমান প্রধান বলে যদি ফরাক্কা, জঙ্গিপুর মুসলীম পায় সেই একই ফরমূলায় সুতি নয় কেন? সেখানেও কেন ঐ একই সম্প্রদায়? তাহলে কংগ্রেসের ছেলেরা চিরকাল দেওয়াল লিখবে আর জিন্দাবাদ করে বেড়াবে? যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ ধনঞ্জয় দাস এবার বি জে পি থেকে জঙ্গিপুর কেন্দ্রের প্রার্থী এবং একমাত্র হিন্দু প্রার্থী। সোহরাব, হাবিবুর জয়নাল আমাদের থেকে বহু দূরে। আমাদের এই সংখ্যালঘু হিন্দু সমাজের সুখে আসে দুঃখে দেখি না। সীমান্তে ভয়াবহ কোটি কোটি টাকার নিত্য চোরা কারবারী সমাজকে বিষময়, সন্ত্রাসময় করে তুলেছে। দেশ সত্যিকারের চরম বিপন্ন। আপনার শুভবুদ্ধিকে প্রশ্ন করুন কেন্দ্রে আপনার এই বিপদের কথা তুলে ধরার জন্য স্পষ্টবাদী প্রার্থীকে নির্বাচিত করা উচিৎ কি না?

### ঘরোয়া কোন্দলে নিহত এক

ফরাক্কা: গত ৩১ অক্টোবর এই থানার তিলডাঙ্গা গ্রামের ফাইসেল সেখ (২২) খুন হন। খবর ফাইসেলের মা ও তাঁদের আত্মীয়া নতারা খাতুনের (১৫) মায়ের মধ্যে কোন কারণে কোন্দল বাধে। সেই সময় নতারা আকস্মিকভাবে ফাইসেলকে হেঁসো দিয়ে ঘা মারলে ফাইসেল ঘটনাস্থলেই মারা যায়। নতারা বর্তমানে ফেরার।

## মহকুমায় গাড়ী আটকিয়ে লুঠ বেড়েছে

ধুলিয়ান : গত ৬ নভেম্বর বেলা ৪টা নাগাদ পাকুড় রাস্তায় পলটন ব্রাঞ্জে একটি ট্রাক আটকিয়ে বোমা পিস্তল দেখিয়ে কয়েকজন দুর্বৃত্ত লুটপাট চালায়। আরোহী দুমকার হিরণপুরের এক গরুর পাইকারের কাছ থেকে ৬০০০ টাকা ছিনিয়ে নিয়ে দুর্বৃত্তরা গা ঢাকা দেয়। জানা যায় উক্ত পাইকার বাংলাদেশে গরু পাচারের সঙ্গে যুক্ত। অপর একটি ঘটনায় জানা যায়, গত ২১ অক্টোবর বেলা ১০টা নাগাদ সুতী থানার বৈষ্ণবনগরের মোড়ে রাজনগর যাবার সময় একটি যাত্রীবাহী ঘোড়ার গাড়ী লক্ষ্য করে দুর্বৃত্তরা বোমা ছোঁড়ে। গাড়ীর আহত চারজন আরোহীকে রামপুরহাট হাসপাতালে নিয়ে গেলে ওখানে মোজাফফার সেখ (৩৫) মারা যায়। খবর, মৃতের সাথে দুর্বৃত্তদের কোন কারণে গণ্ডগোল হওয়ায় বদলা এই খুন। পুলিশ জনৈক মঞ্জুর আলী অ সামী জেনেও তাকে ধরছে না। উপরন্তু গ্রামের কিছু নিরীহ লোককে ধরে মিথ্যা মামলায় ঝুলিয়েছে বলে অভিযোগ।

## অপহৃতা নাবালিকা উদ্ধার

রঘুনাথগঞ্জ : স্থানীয় পুলিশ গত ৪ নভেম্বর সকালে এই থানার পানানগরের আলকাশ সেখের বাড়ী থেকে জনৈকা বাসন্তী মোদককে (১৫) উদ্ধার করে। খবর, আলকাশ সেখ হুগলীর পাণ্ডুয়ায় রাজমিস্ত্রীর কাজ করাকালীন উক্ত কিশোরীকে ফুসলিয়ে তার পানানগরের বাড়িতে নিয়ে আসে। সে ব্যাপারে পাণ্ডুয়া কোর্টে একটি মামলাও দায়ের করেন মেয়ের বাবা। পরে কোন সূত্র থেকে খবর পেয়ে মেয়েটির বাবা ও মা রঘুনাথগঞ্জ থানায় আসেন ও মেয়েটাকে উদ্ধারের অনুরোধ জানান। আলকাশকে গ্রেপ্তার করে কোর্টে চালান দেওয়া হয়। মেয়েটির ইচ্ছা অনুযায়ী তাকে বাবামায়ের হেফাজতে থাকার আদেশ দিয়ে কোর্ট মেয়েটিকে ছেড়ে দেয়।

## সি পি এমের নির্বাচনী কর্মীসভা

রঘুনাথগঞ্জ : গত ৫ নভেম্বর স্থানীয় সুপার মার্কেটে সি পি এমের এক নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সি পি এমের জেলা সম্পাদক মধু বাগ, লোকসভার স্থানীয় প্রার্থী প্রাক্তন এম পি জয়নাল আবেদিন, ফরক্কা কেন্দ্রের বিধায়ক আবুল হাসনাৎ, অরঙ্গাবাদ কেন্দ্রের বিধায়ক তোয়াব আলি ও অন্যতম ট্রেড ইউনিয়ন নেতা তুষার দে প্রমুখ নেতৃবৃন্দ। সভা শেষে তাঁদের নেতৃত্বে বিশাল এক কর্মী ও সমর্থক মিছিল শহর পরিক্রমা করে।

## প্রতিষ্ঠাতা দিবস উদযাপন

ফরাক্কা : গত ৩ নভেম্বর স্থানীয় লেডিস হোষ্টেলের মোড়ে গণতান্ত্রিক যুব ফেডারেশনের প্রতিষ্ঠাতা দিবস উদযাপিত হয়। সকাল দশটায় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। বিকালে মিছিল শহর পরিক্রমা করে। পথ সভায় বক্তব্য রাখেন বিধায়ক আবুল হাসনাৎ। তিনি ১৮ থেকে ২১ বছরের তরুণদের গণতান্ত্রিক যুব ফেডারেশনকে শক্তিশালী করতে এবং সব রকম সাম্প্রদায়িকতার বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান জানান।

## ডাক্তারের বিরুদ্ধে ড্রাগস আসক্তির অভিযোগ

রঘুনাথগঞ্জ : স্থানীয় হাসপাতালের জনৈক ডাক্তারের বিরুদ্ধে ড্রাগস আসক্তির অভিযোগে রোগীরা সোচ্চার বলে খবর। বিভিন্ন সূত্র থেকে জানা যায়, উক্ত ডাক্তারবাবু ড্রাগসের নেশায় এমন অবস্থায় থাকেন যে কর্তৃপক্ষ তাঁকে অন্তর্বিভাগে রোগী দেখতে দিতেও ভয় পান। বহির্বিভাগের দায়িত্বে থাকলেও তাঁর কাছে রোগীরা যেতে ভয় পায় বলে বহু অভিযোগ শোনা যাচ্ছে। প্রত্যক্ষদর্শীদের অভিযোগ, নেশাগ্রস্ত অবস্থায় তিনি নাকি হাতের কাছে যা পান তাই ছুঁড়ে ভাঙতে থাকেন। শহরবাসীর ধৈর্য্যের সীমা আছে। ধীরে ধীরে তাঁদের ধৈর্য্যের বাঁধ ভেঙে যাচ্ছে এবং তাঁরা প্রশাসনের কাছে ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছে।

## ফুটবল প্রতিযোগিতা

সাগরদীঘি : এই ব্লকের বালিয়া গ্রামের নেতাজী সংঘের উদ্যোগে গত ৫ নভেম্বর ইজ্জক আলি ও ভবেশচন্দ্র স্মৃতি শীল্ড ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। রাজারামপুর মিলনতীর্থ, কড়াইয়া স্পোর্টিং এসোসিয়েশনকে ২—০ গোলে পরাজিত করে বিজয়ীর শীল্ড লাভ করে।

## প্রধানের বিরুদ্ধে অনাস্থা বাতিল

আহিরণ : গত ৪ নভেম্বর হারোয়া গ্রাম পঞ্চায়েতের আর এস পি প্রধানের বিরুদ্ধে আনা কংগ্রেসী অনাস্থা প্রস্তাব ১৪—১ ভোটে বাতিল হয়ে যায়। খবর সি পি এম সদস্যরা সমর্থন করবে এই আশায় একমাত্র কংগ্রেসী সদস্য মোজাম্মেল হক আর এস পি অঞ্চল প্রধানের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনেন। কিন্তু কংগ্রেসী সদস্যের আশায় ছাই দিয়ে সি পি এম, আর এস পি সদস্যরা একজোটে অনাস্থার বিরুদ্ধে ভোট দেন।

আনন্দ সংবাদ আনন্দ সংবাদ

**টোটন হোমিও ফার্ম্মেসী**

ইকোনোমিক কোম্পানীর পোটেন্সী, এম, ভট্টাচার্য্য এণ্ড কোম্পানীর মাদার টিংচার এবং বিশ্বস্ত কোম্পানীর যাবতীয় পেটেন্ট ও বায়োকেমিক ট্যাবলেট বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান।

( মুক্তা বুক সেন্টারের সামনে )

রঘুনাথগঞ্জ ■ মুর্শিদাবাদ

## PRESS NOTE

Attention of all political parties, contesting candidate and owners of printing presses is invited to section 127-A of the Representation of the People Act, 1951 and the restriction it imposes on the printing and publishing of election pamphlets or posters and compliance with certain guidelines and procedures.

1. Every election pamphlet, handbill, placard or poster which is printed or multigraphed by any press (except copying in hand) must bear on the front the name and address of the printer and those of the publishers.

2. The printer of any such document must obtain from the intending publisher a declaration in duplicate as to his identity signed by him and attested by 2 persons to whom he is personally known.

3. As soon as the document is printed, the printer must send one of the declaration and one copy of the document to the Chief Electoral if the document is printed at the capital of the State or to the District Magistrate of the district in which it is printed.

4 Contravention of any of the above is punishable with imprisonment upto six months or fine of two thousand rupees or with both.

5. This restriction, however, do not apply to any handbill, placard or poster merely announcing the date, time and place and other particulars of an election meetings routine instructions to election agents or workers

2. District Magistrate has already written to all concerned as far as possible about the provisions and other procedure laid down. In case of further details the District Election Office, Collectorate, Berhampore (telephone No. BHB 153) be contacted immediately.

Sd. D. Chakraborti
District Magistrate, Murshidabad

Memo No. 827(20) Inf. M/Advt. Date 26-10-89

## এখনেও অপরিস্কার

( ১ম পাতার পর )

ট্রাম ও ট্রেজারী কেলেঙ্কারী সি পি এম তথা বামফ্রণ্টের কত দৌড় বোঝা গেছে। শুধু চেঁচামেচি 'কেন্দ্র দিচ্ছে না' 'কেন্দ্র দিচ্ছে না'। আবার আর এক দল গ্রামের অর্থ-নৈতিক অবস্থা আর পঞ্চায়েত কাজকর্মের সমালোচনা করে নির্বাচনী ইস্যু তৈরী করছেন। অনেক জায়গায় ঘুরে এটাও বোঝা যাচ্ছে যে, গ্রামের অনেক মানুষ এখনও জানে না ভোট কেন হবে বা ভোট কবে হবে?

ফরাক্কা থানার হাজারপুর গ্রামের একজন বৃদ্ধ লোকের সঙ্গে দেখা হল। জিজ্ঞাসা করলাম ভোট দেবেন তো? উত্তর হল ভোট দিয়ে কি হবে? এই হল ভোটারদের অবস্থা। তবে লড়াই যে সরাসরি হবে, সে বিষয়ে কোন সন্দেহ নেই। বামফ্রণ্টের শরিক দলগুলির মধ্যে কোথায় যেন ফাঁক থেকে গেছে। এই কেন্দ্রে সি পি এমের সঙ্গে ফরওয়ার্ড ব্লক ও আর এস পির বরাবরই কোন্দল লেগেই ছিল এবং এখনও পূর্ববৎ। তা'ছাড়া জয়নাল আবেদিন পর পর দু'বার এই কেন্দ্র থেকে নির্বাচিত হয়েও জনগণের কল্যাণমূলক কাজের দৃষ্টান্ত স্থাপন করতে সমর্থ হনান বলে অনেকের অভিযোগ। তাঁর বিরুদ্ধে বহু লোকের নিন্দা ও ক্ষোভ বিদ্যমান। প্রয়াত লুৎফল হকের ছেলে হুমায়ন রেজা—মোঃ সোহরাবের সঙ্গে একাত্মা হয়ে খাটতে শুরু করেছেন। অনেক বামপন্থী ভোটার এবার সি পি এমকে সমর্থন করছেন না বলে খবর।

## আতঙ্ক বাড়ছে

( ১ম পাতার পর )

সাহায্য করছে বলে খবর। তারা নিরীহ লোকদের ধরে থানায় নিয়ে আটকিয়ে রেখে মিথ্যা মামলায় ঝুলিয়ে দিচ্ছে বলে গ্রামবাসীদের অভিযোগ। তাঁদের আরোও অভিযোগ, পুলিশের সাথে সমাজবিরোধীদের গোপন আঁতাত রয়েছে। এ ব্যাপারে আধিক গোপন লেনদেনও আছে বলে ক্ষুব্ধ গ্রামবাসীরা মনে করছেন।

## দৃষ্টি ফিরিয়ে দিলেন

( ১ম পাতার পর )

অধ্যাপক রঘুনাথগঞ্জের ডাঃ দেবনাথ চ্যাটার্জী ও আমেরিকা প্রবাসী বৈদড়া গ্রামের চক্ষু গবেষক ডঃ বীরেশ্বর চক্রবর্তীর তত্ত্বাবধানে আর, আই, ও কলিকাতা ১নং মোবাইল ইউনিটের চক্ষু চিকিৎসকগণ ডাঃ পান্নালাল সাহার নেতৃত্বে অপারেশনগুলি করেন। তাঁদের অসামান্য কৃতিত্বে বৈদড়া গ্রামের জনৈকা কিশোরী আনজু বেগমের (১৫) একটি চোখের দৃষ্টি শক্তি আসে। জানা যায়, তিন বছর বয়সে উক্ত কিশোরী তাঁর দু' চোখের দৃষ্টি শক্তি হারান। পরীক্ষায় তাঁর একটি চোখ তখনও চিকিৎসার বাইরে নায় দেখতে পেয়ে চিকিৎসকরা ঐ চোখে অপারেশন করেন ও আনজু বেগম দৃষ্টি ফিরে পান।

## বাংলাদেশে মাল পাচার

( ১ম পাতার পর )

চিনি ও ডিম প্রচুর পরিমাণে ওপার বাংলায় চালান যাচ্ছে। ওপার থেকেও চোরাই জিনিষপত্র এপারে অর্জুনপুরের কুখ্যাত চোরাকারবারীদের কাছে আসছে। অর্জুনপুরে বেশ কিছুদিন ধরে যাদের নাম শোনা যাচ্ছিল তারা হলো এরশাদের-ভাই খুরশেদ, সালাম, সৌকত এবং সন্তোষ রজক। এরা বাংলাদেশ থেকে ভি, সি, পি, ভি, সি, আর এনে সাহেবগঞ্জ ভাগলপুরে বিক্রি করতে যেত। সাম্প্রতিক দাঙ্গার সময়েও তারা নাকি ভাগলপুর যায়। কয়েকদিন পূর্বে সন্তোষ রজক খালি হাতে গাঁয়ে ফিরেছে কিন্তু খুরশেদ, সালাম ও সৌকতের কোন সন্ধান দিতে পারেনি। সন্তোষ বলে ওদের সম্বন্ধে সে কিছু সঠিক বলতে পারবে না।

রঘুনাথগঞ্জ বালিঘাটায় বাসোপযোগী ২৪ কাঠা জায়গা ৯টি প্লটে বিক্রী হবে

যোগাযোগের ঠিকানা

কিরণপ্রকাশ মুখার্জী ( চাঁদু )

রঘুনাথগঞ্জ বালিঘাটা

হিমাংশু দাস

রঘুনাথগঞ্জ হরিদাসনগর

পরমেশ পাণ্ডে/রঘুনাথগঞ্জ

## বেকারদের স্ব-নিযুক্তি প্রকল্পের ঋণ আদায়ে সাড়া পাওয়া যাচ্ছে

রঘুনাথগঞ্জ : সম্প্রতি স্থানীয় ইউ বি আই ব্যাঙ্ক জঙ্গিপুর মহকুমায় বেকারদের স্ব-নিযুক্তি প্রকল্পে ঋণ আদায় অভিযানে নামেন। ইউ বি আই ম্যানেজার অসীম সান্যাল আমাদের প্রতিনিধিকে জানান, ঋণ আদায় করতে গিয়ে উৎসাহব্যঞ্জক সাড়া পাওয়া যাচ্ছে। এই প্রকল্পে যুবকদের সাফল্য কামনা করে তিনি বকেয়া ঋণ পরিশোধ করে ব্যাঙ্কের কাছে অধিকতর সুযোগ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। যাঁরা সময়মত ঋণ পরিশোধ করছেন। তাঁরা আবার ঋণ পাবার ক্ষেত্রে ব্যাঙ্কের কাছে সুযোগ পাচ্ছেন বলেও তিনি জানান।

## নভেম্বর দিবস পালন

জঙ্গিপুর : গত ৭ নভেম্বর সি পি এম-এম মিঠিপুর শাখা অফিস সংলগ্ন মাঠে নভেম্বর বিপ্লব দিবস পালন করেন। নভেম্বর বিপ্লব স্মরণে এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা কমিটির সদস্য ট্রেড ইউনিয়ন নেতা তুষার দে এবং ২নং ব্লক পঞ্চায়েত সমিতির সভাপতি মহঃ গিয়াসুদ্দিন।

যৌতুকে VIP

সকল অনুষ্ঠানে VIP

ভ্রমণের সাথী VIP

এর জুড়ি কি আর আছে!

সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের

VIP সেন্টারে

এজেণ্ট

প্রভাত ষ্টোর (দুলুর দোকান)

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী

রূপ প্রসাধনে অপরিহার্য

সি, কে, সেন এ্যাণ্ড কোং

লিমিটেড

কলিকাতা ॥ নিউ দিল্লী

কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন?

বাড়ী করার জন্য লোন চায়? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান? সত্বর যোগাযোগ করুন।

দিলসন্‌স্ মিউচুয়ালাইজার

DILSONS MUTUALISER

শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫

বিঃ দ্রঃ ধুলিয়ান শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।